Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই চৈত্র বুধবার ১৩৬৬ ইংরাজী 23rd Mar. 1960 | ৪৩শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarvr

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

**"রাণী রাসমণি"**

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৯ই চৈত্র বুধবার সন ১৩৬৬ সাল।

## মড়া সহর কলিকাতা

ভারতের বর্ত্তমান কেন্দ্রীয় আইন মন্ত্রী কলিকাতায় ভারতের প্রধান মন্ত্রীর নামে বলেছিলেন যে তিনি (প্রধান মন্ত্রী) কলকাতাকে মড়া সহর বলেছেন। কথাটা বলিয়াই মনে হলো যে বলা তাঁর ঠিক হলো না "মড়া" শব্দটাকে মোলায়েম করবার জন্য ঠিক করলেন—যে তিনি (প্রধান মন্ত্রী) তা বলেন নি তবে এ সহরটা "শোভাযাত্রার সহর" এই ভাবে বলেছেন। এ ভাব কারো অধীনস্থ ব্যক্তির মনে আসা স্বাভাবিক। কারণ যদিও প্রধান মন্ত্রী সে কথা বলেছেন, তাঁর (আইন মন্ত্রীর) সে কথা বলা শোভা পায়নি। ইংরাজীতে যার অধীনে কাজ করা যায় তাকে 'বশ' বলে। এটা ঠিক বাংলার উল্টো। যার বশ অর্থাৎ বশীভূত তাকেই বশ (Boss) বলিতে হয়। এই ব্যাপার নিয়ে কাগজেও আলোচনা হয়েছিল।

পরে প্রধান মন্ত্রী যখন বেরুবাড়ী পাকিস্থানকে দান করলেন আর পশ্চিম বাংলার বিধান সভা ও বিধান পরিষদ উভয় বিধান মণ্ডলী এক বাক্যে এই দান অগ্রাহ্য করিলেন, তখন কেন্দ্রীয় আইন মন্ত্রী এই মড়া সহরে আসিয়া প্রধান মন্ত্রীর পক্ষে সুপারিশ করিতে আসিয়া বলিলেন—উনি (প্রধান মন্ত্রী) এটা ভুল করলেও বিধান-মণ্ডলীতে এটা মেনে নেওয়া উচিত। কারণ আন্তর্জাতিক ক্ষেত্রে এটা একটা গুরুতর দোষের ও নিন্দার হয়। পশ্চিম বাংলার "নীগাল রিমেমব্রান্সার" যে মত দিয়াছেন, বিধান মণ্ডলী তদনুসারেই কাজ করেছেন। আইন মন্ত্রী তাঁহার কথিত মড়া সহরে মড়াদের রাজি করিতে না পারিয়া শূন্য হস্তে ফিরে গেলেন। প্রধান মন্ত্রীর এই বিধি বহির্ভূত দান শেষ অবধি সিদ্ধ করিতে স্বয়ং প্রধান মন্ত্রী রাষ্ট্রপতির মারফত সুপ্রিম কোর্টে গিয়া পশ্চিম বঙ্গের আইন পরামর্শ-দাতার মত ফিল্টার হইয়া আরও স্বচ্ছ বলিয়া প্রতিভাত হইল। এই মড়ার দেশকে জ্যান্ত বলিয়া অনিচ্ছায় স্বীকার করিতে হইল কেন্দ্রকে। দণ্ডকারণ্যে বাঙালী উদ্বাস্তুদিগের ভাগ্যবিধাতা শ্রীমেহের চাঁদ খান্না জহরলাল নেহেরুজীর নেক নজরের পাত্র বলিয়া যে স্পর্দ্ধা করিতেন তাহাও যেন ম্লান হইয়া পড়িল। নেহরুজী সম্প্রতি খান্না সাহেবকে মড়া সহর কলিকাতায় আসিয়া পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের নিকট পাঠাইয়াছেন। তাঁহার (মুখ্যমন্ত্রীর) আদেশ মত কাজ করিবার জন্য। খান্না সাহেব কলিকাতায় আসিয়া মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্রকে, বাংলার পুনর্ব্বাসন মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকে ও আরও কয়েকজনকে দণ্ডকারণ্যে সরজমিন তদন্তের জন্য যাইতে সম্মত করিয়াছেন। জ্যান্তে মড়া উদ্বাস্তুদের ভাগ্যবিধাতাকে এই মড়া দেশের অমাত্যবর্গের দ্বারস্থ হইতে দেখিয়া কি মনে হয়? মড়া প্রেতত্ব প্রাপ্ত হয় অভিপ্রেত দ্রব্য না পাইলেও প্রেতত্ব কেউ ঘুচাতে পারে না। মেহেরচাঁদ খান্নার প্রতি প্রধান মন্ত্রীর মেহের বাণী থাকলেও খান্না সাহেব বর্ত্তমান অবস্থায় প্রধান মন্ত্রীর অবস্থা দেখিয়া

"বাবা সত্যপীর  
পরকে বাঁচাবে কি  
আপনি অস্থির!"

ভাবিয়া মড়া সহরে ধর্ণা দিয়াছেন। মধ্যে সরজমিনে তদন্তের যে লম্বা সময় পাইয়াছেন। অনেক কসুর ঢাকিবার পক্ষে এ সময় যথেষ্ট বলিয়া মনে হয়।

স্বর্গীয় কবি অতুলপ্রসাদ সেন মহাশয়ের গান মনে হয়। আমাদের দুঃখে কবি বহুদিন পূর্ব্বে ইহা রচনা করিয়াছিলেন।

ভারত-ভানু কোথা লুকালে?  
পুনঃ উদিবে কবে পূরব ভালে?  
হা রে বিধাতা! সে দেব-কান্তি  
কালের গর্ভে কেন ডুবালে?  
আছে অযোধ্যা—কোথা সে রাঘব!  
আছে কুরুক্ষেত্র—কোথা সে পাণ্ডব!  
আছে নৈরঞ্জনা—কোথা সে মুক্তি!  
আছে নবদ্বীপ—কোথা সে ভক্তি!  
আছে তপোবন—কোথা সে তপোধন!  
কোথা সে কালা কালিন্দী কূলে!  
পুরুষ অবরুদ্ধ আপন দেশে;  
নারী অবরুদ্ধা নিজ নিবাসে;  
কোথা সে বীরেন্দ্র স্বর দানবারি;  
কোথা সে বিদুষী তাপসী নারী;  
সিংহের দেশে বিচরিছে শিবা,  
বীর্য্য বিড়ম্বিত খল কোলাহলে।  
নানক, গৌরাঙ্গ, শাক্যের জাতি,  
নাহিক সাম্য, ভেদে আত্মঘাতী;  
ধর্ম্মের বেশে বিহরে অধর্ম্মী।  
কোথা সে ত্যাগী, প্রেমী ও কর্ম্মী?  
কোথা সে জাতি যাহারে বিশ্ব  
পূজিত কালের প্রভাতকালে?

---

### খাদ্যে ভেজাল দেওয়ায় আদর্শ দণ্ড

সিউড়ী, ২০শে মার্চ্চ—দুগ্ধজাত দ্রব্যে ভেজাল দেওয়ার অপরাধে আদালতে বারংবার অভিযুক্ত ও আদালত কর্ত্তৃক সতর্কীকরণ সত্বেও পুনরায় ছানায় ভেজাল দেওয়ার অপরাধে নগরী ইউনিয়নের হরিপদ ঘোষ নামক এক ব্যক্তিকে সিউড়ীর প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট শ্রী এস, সি, বরুয়া আদর্শ দণ্ডে দণ্ডিত করিয়াছেন। হরি ঘোষ ১৩ মাস সশ্রম কারাদণ্ডে ও দুই সহস্র টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইয়াছে। —আনন্দবাজার পত্রিকা

---

### সূতী কাপড় ও সূতা ব্যবসায়ীদের লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি

পশ্চিম বঙ্গ সরকারের ডিরেক্টর অব টেক্সটাইল ১৬. ৩. ৬০ তারিখের ২৯৬৩/টি এক্স/এল/২ পি-১/৬০ নং বিজ্ঞপ্তিতে জানাইয়াছেন যে সূতী কাপড় ও সূতা ব্যবসায়ীদের লাইসেন্সের মেয়াদ ৩১শে মার্চ্চের পরিবর্ত্তে ৩০শে জুন, ১৯৬০ পর্য্যন্ত বৃদ্ধি করা হইল।

---

## নবাগত মহকুমা শাসক

শ্রীগৌরীশঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয় জঙ্গিপুর মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মহকুমা শাসক মহোদয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। অয়মারম্ভ শুভায় ভবতু।

---

## রবিশস্য

এ বৎসর এতদঞ্চলে রবিশস্য ভাল হয় নাই। যাহা হইয়াছিল তাহারও কিছু অংশ বৃষ্টিতে নষ্ট হইয়া গিয়াছে। প্রায় সময়ে আকাশ মেঘাচ্ছন্ন থাকায় মলন কার্য্যে ব্যাঘাত হইতেছে।

---

## মশকের উৎপাত

সহরে ও পল্লীগ্রামের সব জায়গাতেই মশকের উৎপাত বৃদ্ধি পাইয়াছে। রঘুনাথগঞ্জের নিকটবর্ত্তী চড়কা গ্রামের ৺হরিদাস বৈরাগীর গানের ধুয়া ছিল

"আমায় পালাতে হলো দেশ ছেড়ে
মশার কামড়ে।"

বোধ হয় কার্য্যে পরিণত হইতে দেরী নাই।

---

## চিনি লইয়া ছিনিমিনি

জঙ্গিপুর মহকুমায় চিনির রেশন চালু হইয়া তিন সপ্তাহ চিনি পাওয়া গিয়াছে। বর্ত্তমান সপ্তাহে চিনি পাওয়া গেল না। স্থানীয় ডিলারদের ঘরে চিনি আছে কিন্তু বিক্রয়ের হুকুম না আসার অজুহাত শোনা যাইতেছে। চিনির দর সের প্রতি ১৽৬ নঃ পঃ স্থলে ১৽২৫ নঃ পঃ হইবার সম্ভাবনা বলিয়া ব্যবসায়ীদের মধ্যে জল্পনা কল্পনা চলিতেছে।

---

## ভেজাল ঘৃত বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল গব্যঘৃত বিক্রয়ের অপরাধে লালখাঁরদিয়াড় গ্রামের শ্রীধীরেন্দ্রনাথ ঘোষকে ২৫৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

## শোচনীয় মৃত্যু

বিগত ১০ই মার্চ্চ সকালে বহরমপুর মূক-বধির বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীগোপালদাস নিয়োগী চৌধুরী মহাশয়ের একমাত্র পুত্র শ্রীমান্ মণীন্দ্র মোটর চাপা পড়িয়া মারা গিয়াছে। গোপাল বাবু ও তাঁহার সহধর্ম্মিণীর শোকে সান্ত্বনা দিবার ভাষা খুঁজিয়া পাওয়া যায় না। ভগবান তাঁহাদিগকে শান্তি দান করুন। আমরা তাঁহাদের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

## চুরি

গত ৮ই চৈত্র মঙ্গলবার রাত্রিতে রঘুনাথগঞ্জ সহরে মিউনিসিপ্যাল অফিসের নিকটস্থ শ্রীফড়িং দাসের ঘর হইতে একখানি সাইকেল ও অন্যান্য জিনিষপত্র চুরি গিয়াছে। সেই রাত্রে ইলেকট্রিক না জ্বলায় সহর অন্ধকারাচ্ছন্ন ছিল।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১১ই এপ্রিল ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৪৫ মনি ডিঃ শ্রীপতিমোহন দাস দেং অভীষ্টলাল দাস মৃত্যান্তে ওয়ারীশ ভূপেন্দ্রনাথ দাস দিং দাবি ১৫২ টাকা ৬৯ নঃ পঃ থানা সুতি মৌজে ফতেউল্লাপুর ২-৩৮ শতকের কাত ৭/০ আঃ ১০০৲ খং ৩৬৩ কোর্টের মূল্য ৩০০৲ মধ্যে ॥০ অংশ নিলাম হইবে।

১১০ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং সমজান বিবি দিং দাবি ৪৩ টাকা ৬ নঃ পঃ থানা সুতি মৌজে নারায়ণপুর ৬/৪ জমির কাত ৬৵৩ পাই আঃ ২০৲ কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ১৫০৲

১৩২ থাং ডিঃ ঐ দেং মাজেদালী মণ্ডল দাবি ৫৪ টাকা ৪৪ নঃ পঃ মৌজাদি ঐ ১০॥২॥০ জমির কাত ১০॥৵০ আঃ ৩৫৲ কোর্টের মূল্য ৩০০৲

১৮০ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দেং শরৎচন্দ্র মুখোপাধ্যায় দাবি ১৮৲ থানা সুতি মৌজে বংশবাটি ৫-৭২ শতকের কাত ২॥৵৬ পাই আঃ ১০৲ কোর্ট নির্দ্ধারিত মূল্য ৪২৫৲ খং ৪৪৫

---

## জঙ্গীপুর মহকুমার অধীন নিম্নলিখিত ফেরীঘাট ও খুটাগাড়ি: ঘাটের নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আগামী ইংরাজী ২৮শে মার্চ্চ, ১৯৬০ সাল, সোমবার বেলা ১২টার সময় নিম্নস্বাক্ষরকারীর এজলাসে সন ১৩৬৭ সালের জন্য (১) মহম্মদপুর ফেরীঘাট থানা রঘুনাথগঞ্জ (২) ইছলিপাড়া ( ডাকনাম রেঞ্জাপুর কালিগঞ্জ ) খুটাগাড়ি থানা সুতি এবং (৩) দোগাছি উপলাই ফেরীঘাট থানা সাগরদীঘি, প্রকাশ্য নিলামে নির্দিষ্ট সর্তাধীনে বন্দোবস্ত করা হইবে। নিলামের সর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিসে, সংশ্লিষ্ট ভূমি সংস্কার অফিসে, থানায়, ইউনিয়ন বোর্ড অফিসে এবং নর্থ সার্কেল অফিসে দেখিতে এবং জানিতে পারা যাইবে।

স্বাঃ- জি, এস্, ব্যানার্জি
মহকুমা শাসক, জঙ্গীপুর।

---

## সরকারী বিজ্ঞপ্তি

পাবলিক কেরিয়ারের পারমিট প্রদানের জন্য এবং ষ্টেজ ক্যারেজ, কন্‌ট্রাক্ট ক্যারেজ ও পাবলিক কেরিয়ারের পারমিট পুনর্নবীকরণের জন্য দরখাস্তকারীদের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসের নোটিশ বোর্ডে এবং উক্ত জেলার প্রত্যন্তবর্ত্তী মহকুমা শাসকদের অফিসের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কাহারও কোন বক্তব্য থাকিলে তাহা আগামী ৩০ দিনের মধ্যে গৃহীত হইবে।
স্বাঃ- এস. সি. চ্যাটার্জ্জি, সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

**Tenders** are invited for the electrification of College Buildings. Interested parties may make contact with College cffice for particulars. This will remain open upto 30. 3. 60.



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২




**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।